

## বিএসএফের বাধায় স্কুল নির্মাণ বন্ধ খোলা ময়দানে শিক্ষার্থীদের পাঠদান

■ কাওছার আলী, পঞ্চগড়  
পঞ্চগড়ের তেঁতুলিয়া উপজেলার ডিরনইহাট ইউনিয়নের মডেলপাড়া সরকারি প্রাথমিক বিদ্যালয়ের বিতল ভবনের নির্মাণকাজ বিএসএফের বাধায় প্রায় দুই মাস ধরে বন্ধ হয়ে আছে। এতে ক্লাসরুম সংকটে শিক্ষার্থীদের খোলা আকাশের নিচে ক্লাস করতে হচ্ছে। ফলে পাঠদান কার্যক্রমও ব্যাহত হচ্ছে।  
জানা গেছে, গত বছরের ১৪ নভেম্বর দিনটি ক্লাসরুম ও সিঁড়ি নির্মাণের কাজ শুরু হয়। ৬ ডিসেম্বর পর্যন্ত সিঁড়ির অর্ধেক কাজ ও ভবনের ছাদ দিতে শিলার নির্মাণের কাজও প্রায় সম্পন্ন হয়। হঠাৎ করে পরদিন ওই এলাকার বিপরীতে বিএসএফের

বিএসএফ সদস্যরা এসে ভবনের নির্মাণ কাজ বন্ধ করে দেয়। এ নিয়ে বিজিবি-বিএসএফ পত্রিকা বৈঠক হলে। বৈঠকে বিএসএফ সীমান্তের সেক্টর গজের মধ্যে ভবন নির্মাণের কাজ হচ্ছে জানিয়ে আপত্তি তোলে। একইসঙ্গে উর্দভন কর্তৃপক্ষের উত্থতি দিয়ে কাজ বন্ধ রাখতে বিজিবি কর্তৃপক্ষকে অনুরোধ করে। এরপরই ভবন নির্মাণের কাজ বন্ধ হয়ে যায়।  
বিদ্যালয়ের প্রধান শিক্ষিকা শিরিন সুলতানা জানান, ভবনের নির্মাণ কাজ সম্পন্ন না হওয়ায় প্রায় আড়াইশ শিক্ষার্থীর জন্য ক্লাসরুমের সংকট দেখা দিয়েছে। এছাড়া শিক্ষার্থীদের প্রায়ই খোলা আকাশের নিচে বসে ক্লাস করতে হয়।  
পৃষ্ঠা ২৩ কলাম ১

### বিএসএফের বাধায়

প্রথম পৃষ্ঠার পর  
স্কুল নির্মাণাধীন ভবনের কাজ বন্ধ থাকার ফলে পঞ্চগড় ২০ বিজিবি ব্যাটালিয়নের অধিনায়ক লে. কর্নেল মো. জাকির হোসেন পিএসসি বিদ্যালয়টি সরেজমিন পরিদর্শন করেন। এ প্রসঙ্গে তিনি কর্নেল, আগামী বিজিবি-বিএসএফের ব্যাটালিয়ন বা মেটর কমান্ডার পর্যায়ের বৈঠকে এ বিষয়টি ভূমি ধরে সমস্যা সমাধানের চেষ্টা করা হবে।